তারিখ 04 MAR 2016
পৃষ্ঠা 2 কলাম 6

আমাদের সময়

# ১৫ মার্চ শুরু হবে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক ●

অসাধারণ মেধাবীদের খুঁজে বের করে বিকাশে সহায়তার জন্য আগামী ১৫ মার্চ থেকে শুরু হচ্ছে 'সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৬'। শিক্ষা মন্ত্রণালয় চতুর্থবারের মতো মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে এ প্রতিযোগিতার আয়োজন করছে। শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, তিনটি গ্রুপে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি ও সমমানের শিক্ষার্থীদের অংশগ্রহণে উপজেলা পর্যায়ে ১৫, ১৬, ১৮ ও ১৯ মার্চ এবং জেলা পর্যায়ে ২২ মার্চ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আর ঢাকা মহানগরে ২৩ মার্চ, বিভাগীয় পর্যায়ে ২৪ মার্চ ও জাতীয় পর্যায়ে ৩১ মার্চ এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এর আগে সারা দেশে ৭ ও ৮ মার্চ শিক্ষাপ্রতিষ্ঠানভিত্তিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ প্রতিযোগিতা আয়োজনের জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে প্রজ্ঞাপন জারি করা হচ্ছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। ষষ্ঠ থেকে অষ্টম, নবম থেকে দশম ও উচ্চ মাধ্যমিক– এই তিন বিভাগে চারটি বিষয়ে শিক্ষার্থীদের অংশগ্রহণে 'সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা' অনুষ্ঠিত হবে। বিষয় চারটি হলো– ভাষা ও সাহিত্য, বিজ্ঞান (ষষ্ঠ-অষ্টম শ্রেণির দৈনন্দিন বিজ্ঞান এবং নবম-একাদশ শ্রেণির বিজ্ঞান), গণিত ও কম্পিউটার এবং বাংলাদেশ স্টাডিজ ও মুক্তিযুদ্ধ। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে নির্বাচিত প্রতিযোগীদের নামের তালিকা নির্ধারিত আবেদনপত্র পূরণ করে ১০ মার্চ সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কাছে পাঠাতে হবে।